আজকের কাগজ

তারিখ 04 SEP 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ২

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র বৃত্তির টাকা নিয়ে অনিয়ম ও জটিলতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্র বৃত্তির টাকা নিয়ে অনিয়ম ও জটিলতার সৃষ্টি হয়েছে। বর্তমানে এ বিশ্ববিদ্যালয়ের প্রতি ছাত্রকে দু'শ' টাকা করে বৃত্তি দেয়া হয়। শর্ত হলো প্রতি ছাত্রকে শতকরা ৭৫ দিন উপস্থিত থাকতে হবে। এছাড়া কোনো ছাত্র যদি কোনো পরীক্ষায় কোনো বিষয়ে রেফার্ড/ ক্যারিওভার পায় তাহলে তার বৃত্তির টাকা অর্ধেক কেটে নেয়া হবে। ইতিপূর্বে যখন একশ' টাকা করে ছাত্র বৃত্তি দেয়া হতো তখন রেফার্ড/ক্যারিওভারের জন্যে ৩৭ দশমিক ৫০ টাকা কেটে নেয়া হতো। কোনো বিষয়ে কোনো কারণ বশতঃ মাসে যদি একটি মাত্র ক্লাস হয় তাহলে ত... ০০% উপস্থিতি ধরা হয়। কোনো ছাত্র যদি অনুপস্থিত থাকে তবে ঐ বিষয়ে এ মাসের উপস্থিত ০% দেখানো হয়। এতে ঐ মাসের বৃত্তির টাকা আটকে দেয়া হয়। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে প্রতি বর্ষে প্রতিটি অনুষদে ১২ থেকে ১৮টি বিষয় পড়তে হয়। এর মধ্যে কোনো একটি বিষয়ে রেফার্ড/ ক্যারিওভার পাওয়া বিচিত্র কিছু নয়। আর এর খেসারত হিসেবে বছরে ২ হাজার ৪শ' টাকার মধ্যে ১ হাজার ২শ' টাকাই কেটে নেয়া হয়। ছাত্র বৃত্তির টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন দিয়ে থাকে কিন্তু কেটে নেয়া টাকা কি আবার মঞ্জুরি কমিশনকে বুঝিয়ে দেয়া হয়? অধিকাংশ ছাত্র–ছাত্রীর মনেই এ প্রশ্নের উদ্রেক হয়েছে। তা না হলে এ টাকা কোথায় যায়? সাধারণ ছাত্র–ছাত্রীদের অভিমত এ সব অনিয়ম ও জটিলতার দিকে কর্তৃপক্ষের/প্রশাসনের আশু দৃষ্টি দেয়া উচিত। কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মোকাম্মেল হক।